Registrar Office
Jagannath University
Dhaka-1100, Bangladesh
Tel : (+880-2) 9534255
Fax : (+880-2) 47118449
E-mail: registrar@jnu.ac.bd

রেজিস্ট্রার দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ
ফোন : (৮৮০-২) ৯৫৩৪২৫৫
ফ্যাক্স : (৮৮০-২) ৪৭১১৮৪৪৯
ই-মেইল: registrar@jnu.ac.bd

জবি/প্রশা-৩২(১১৮)/২০১১/৭৫৬

তারিখ: ০২রা বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ই এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

## অফিস স্মারক

বিষয়: **'নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী হলে আবাসিকতা লাভ ও বসবাসের শর্তাবলী এবং আচরণ ও শৃঙ্খলা সংক্রান্ত (সংশোধনী) বিধিমালা-২০২৫' অনুমোদন** সংক্রান্ত:

'নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী হলে আবাসিকতা লাভ ও বসবাসের শর্তাবলী এবং আচরণ ও শৃঙ্খলা সংক্রান্ত (সংশোধনী) বিধিমালা-২০২৫' গত ০২/০২/২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ১১০-তম সভায় নিম্নেবর্ণিত সিদ্ধান্তের (সাপ্লি: সিদ্ধান্ত-২) মাধ্যমে অনুমোদিত হয়েছে:

"সাপ্লি: সিদ্ধান্ত-২: 'নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী হলে আবাসিকতা লাভ ও বসবাসের শর্তাবলী এবং আচরণ ও শৃঙ্খলা সংক্রান্ত (সংশোধনী) বিধিমালা-২০২৫' পরিশিষ্ট ০৭ মোতাবেক অনুমোদন করা হলো"

অনুমোদিত 'নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী হলে আবাসিকতা লাভ ও বসবাসের শর্তাবলী এবং আচরণ ও শৃঙ্খলা সংক্রান্ত (সংশোধনী) বিধিমালা-২০২৫' বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।

15/04/26

**(অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন)**
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

জবি/প্রশা-৩২(১১৮)/২০১১/৭৫৬

তারিখ: ০২রা বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ই এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**<u>সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>**

১-৭. ডীন, সকল অনুষদ, জবি;
৮-৯. পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট/আধুনিক ভাষা ইনস্টিটিউট, জবি;
১০-৪৭. চেয়ারম্যান, সকল বিভাগ, জবি;
৪৮. গ্রন্থাগারিক, কেন্দ্রীয় গ্রন্থাগার, জবি;
৪৯-৫০. প্রভোস্ট (নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী হল/ছাত্র হল-১), জবি;
৫১. প্রক্টর, জবি;
৫২-৫৯. পরিচালক (গবেষণা/ছাত্র কল্যাণ/অর্থ ও হিসাব/পিওও/আইসিটি সেল (''নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী হলে আবাসিকতা লাভ ও বসবাসের শর্তাবলী এবং আচরণ ও শৃঙ্খলা সংক্রান্ত (সংশোধনী) বিধিমালা-২০২৫' পরিশিষ্ট ০৭ ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)/ পিআরআইপি/IQAC/বহিরাঙ্গণ কার্যক্রম), জবি;
৬০. পরীক্ষা নিয়ন্ত্রক, জবি;
৬১. ডরমিটরী প্রশাসক, জবি;
৬২. প্রধান প্রকৌশলী, প্রকৌশল দপ্তর, জবি;
৬৩. পরিবহন প্রশাসক, পরিবহন পুল, জবি;
৬৪. প্রকল্প পরিচালক, 'জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাস স্থাপন: ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন' শীর্ষক প্রকল্প, জবি;
৬৫. ডেপুটি রেজিস্ট্রার (নিরাপত্তায় দায়িত্বরত কর্মকর্তা), নিরাপত্তা শাখা, রেজিস্ট্রার দপ্তর, জবি;
৬৬. উপ-পরিচালক (অডিট), অডিট সেল, জবি;
৬৭. উপ-প্রধান চিকিৎসা কর্মকর্তা, মেডিকেল সেন্টার, জবি;
৬৮. উপ-পরিচালক (শারীরিক শিক্ষা), শরীরচর্চা শিক্ষা কেন্দ্র, জবি;
৬৯. ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর, জবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭০. ডেপুটি রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭১. ডেপুটি রেজিস্ট্রার, ব্যক্তিগত শাখা, রেজিস্ট্রার দপ্তর, জবি;
৭২-৭৪. নোটিশ বোর্ড/অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

১৫/০৪/২০২৬

**(মোহাম্মদ মশিরুল ইসলাম)**
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-১)

**পরিশিষ্ট-৭**

# নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী হলে আবাসিকতা লাভ ও বসবাসের শর্তাবলী এবং আচরণ ও শৃঙ্খলা সংক্রান্ত (সংশোধনী) বিধিমালা-২০২৫

*(০২/০২/২০২৬ তারিখ অনুষ্ঠিত সিন্ডিকেট-এর ১১০তম সভায় অনুমোদিত)*

**বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলে আবাসিকতা লাভ ও বসবাসের শর্তাবলী এবং আচরণ ও শৃঙ্খলা সংক্রান্ত বিধিমালা-২০২১ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলে আবাসিকতা লাভ ও বসবাসের শর্তাবলী এবং-আচরণ ও শৃঙ্খলা সংক্রান্ত বিধিমালা-২০২১ এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়; এবং

সেহেতু জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইন, ২০০৫ এর ৩৭(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এই সংশোধনী বিধিমালা প্রণয়ন করা হলো:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**-(১) এই বিধিমালা *নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী হলে আবাসিকতা লাভ ও বসবাসের শর্তাবলী এবং আচরণ ও শৃঙ্খলা সংক্রান্ত (সংশোধনী) বিধিমালা-২০২৫* এবং বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলে আবাসিকতা লাভ ও বসবাসের শর্তাবলী এবং আচরণ ও শৃঙ্খলা সংক্রান্ত বিধিমালা-২০২১ বিধিমালাটি *নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী হলে আবাসিকতা লাভ ও বসবাসের শর্তাবলী এবং আচরণ ও শৃঙ্খলা সংক্রান্ত বিধিমালা-২০২১* নামে অভিহিত হবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হবে।

২। বিধিমালা ২০২১ এর বিধি নং ৬ এর সন্নিবেশন:- বিধিমালা ২০২১ এর ০৬ নং বিধি নিম্নরূপ ভাবে সন্নিবেশিত হবে, যথা:-

" ৬) হলে আবাসিকতা লাভের সময় সংশ্লিষ্ট ছাত্রী জামানত হিসেবে ৫০০/- (পাঁচশত) টাকা বা সময় সময় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে জমা রাখবেন, যা হল অফিস হতে প্রদত্ত দেনা-পাওনা সংক্রান্ত প্রত্যয়নপত্র জমাদান সাপেক্ষে ফেরত যোগ্য।"

৩। বিধিমালা ২০২১ এর বিধি নং ৮ এর সন্নিবেশন:- বিধিমালা ২০২১ এর ০৮ নং বিধি নিম্নরূপ ভাবে সন্নিবেশিত হবে, যথা:-

" ৮) হলে বসবাসরত ছাত্রীকে রাত ১০ টার মধ্যে হলে ফিরে আসতে হবে এবং সকাল ০৭ টার আগে আবাসিক শিক্ষকের অনুমতি ছাড়া আবাসিক হল ত্যাগ করতে পারবে না। আবাসিক ছাত্রীদের হলে প্রত্যাবর্তন এবং হল হতে বের হওয়ার সময়/তথ্য ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণ করা হবে। হলের প্রধান ফটক বন্ধ হবার পর আগত ছাত্রীদের প্রত্যাবর্তনের সময় লিপিবদ্ধ করা হবে। এতদুদ্দেশ্যে একটি রেজিস্টার খাতা হলের সমস্ত আবাসিক ভবনে আবাসিক শিক্ষকদের তত্ত্বাবধানে থাকবে। যে সকল ছাত্রী ফটক বন্ধ হবার পর হলে ফিরে আসবে তারা গেটে সংরক্ষিত রেজিস্টার খাতায় তাদের নাম, ফেরার সময় এবং তারা যে জায়গায় গিয়েছিল সে জায়গার নামসহ বিলম্বে ফেরার কারণ লিপিবদ্ধ করবে। এক্ষেত্রে কোন ধরনের অসত্য তথ্য প্রদান করা যাবে না। আবাসিক শিক্ষক প্রদত্ত তথ্য সন্তোষজনক বিবেচনা না করলে ছাত্রীকে ডেকে কৈফিয়ত চাইতে পারবেন। দেরিতে প্রত্যাবর্তন নৈমিত্তিক অভ্যাসে দাঁড়িয়ে গেলে সংশ্লিষ্ট ছাত্রী সম্পর্কে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য ব্যাপারটি আবাসিক শিক্ষক প্রভোস্টের সামনে উপস্থাপন করবেন।"

৪। বিধিমালা ২০২১ এর বিধি নং ১০ এর সংশোধন:- বিধিমালা ২০২১ এর ১০ নং বিধি নিম্নরূপ ভাবে প্রতিস্থাপিত হবে, যথা:-

"১০) আবাসিক ছাত্রীদেরকে প্রতি সেশনের শুরুতে প্রথম সপ্তাহের মধ্যে হলে প্রত্যাবর্তন করতে হবে। প্রভোস্টের অনুমতি ছাড়া বিশ্ববিদ্যালয় খোলা থাকাকালে হলে অনুপস্থিত থাকতে পারবে না। ছুটির প্রতিটি আবেদন কিংবা পূর্বে অনুমোদিত ছুটি বর্ধিতকরণের আবেদন ছুটি শেষে কিংবা মূল ছুটি অতিক্রান্ত হবার অন্তত একদিন আগে আবাসিক শিক্ষকের কাছে অবশ্যই পৌঁছাতে হবে। অসুস্থতার কারণে ছুটি বর্ধিতকরণের আবেদনের সঙ্গে একজন চিকিৎসকের প্রত্যয়নপত্র এবং পিতা/মাতা/আইনানুগ অভিভাবকের চিঠি থাকতে হবে। এ নিয়মের ব্যত্যয় ঘটলে বিধি ৩৫ (খ) মোতাবেক শাস্তি প্রয়োগ করা হবে।"

৫। **বিধিমালা ২০২১ এর বিধি নং ১৬ এর সংশোধন:- বিধিমালা ২০২১ এর ১৬ নং বিধি নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে, যথা:-**

**"১৬) হলে নির্ধারিত ১২৬৮ সিট নিম্নরূপ হারে বরাদ্দ দেওয়া হবে:**

| | |
|---|---|
| ক) প্রথম বর্ষের ছাত্রীদের জন্য ০৪% | = ৫১ টি |
| খ) দ্বিতীয় বর্ষের ছাত্রীদের জন্য ০৯% | = ১১৪ টি |
| গ) তৃতীয় বর্ষের ছাত্রীদের জন্য ১০% | = ১২৭ টি |
| ঘ) চতুর্থ বর্ষের ছাত্রীদের জন্য ৩৫% | = ৪৪৪ টি |
| ঙ) মাস্টার্স এর ছাত্রীদের জন্য ৪০% | = ৫০৭ টি |
| চ) বিশেষ কোটা ও যোগ্যতা ০২% | = ২৫ টি |

(উল্লেখ্য, প্রতিবন্ধী, খেলোয়াড়, উপজাতি এবং সহশিক্ষা কার্যক্রমে বিশেষ যোগ্যতা সম্পন্ন ছাত্রীরা বিশেষ কোটা ও যোগ্যতা সম্পন্ন বলে বিবেচিত হবে)

**সিট বরাদ্দ প্রক্রিয়া:**

১. মেধা তালিকার ক্রম অনুসরণ করে হলে সিট বরাদ্দ দেওয়া হবে। উল্লেখ্য যে, ১ম বর্ষের ক্ষেত্রে ভর্তি পরীক্ষার ফলাফলের ক্রম বিবেচিত হবে এবং দ্বিতীয় বর্ষ হতে চতুর্থ বর্ষের ছাত্রীদের ক্ষেত্রে সেমিস্টার ফাইনাল এবং মাস্টার্স এর ছাত্রীদের ক্ষেত্রে অনার্সের চূড়ান্ত ফলাফলের ক্রম অনুসরণ করা হবে।

২. স্থায়ী ঠিকানা ও এসএসসি এবং এইচএসসি পাসের শিক্ষা প্রতিষ্ঠানের এবং বিভাগের ঠিকানা অনুসরণ করে সিট বরাদ্দ দেওয়া হবে।

৩. বিশেষ কোটায় ভর্তিকৃত ছাত্রীদের মেধার ভিত্তিতে সিট বরাদ্দ দেওয়া হবে।

৪. সহশিক্ষা কার্যক্রম যথা ডিবেট, আবৃত্তিতে বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রতিবছর আয়োজিত প্রতিযোগিতায় ১ম স্থান অধিকারীনিকে সিট বরাদ্দ দেওয়া হবে।

৫. অনুষদের ক্রম অনুসারে এবং বিভাগের প্রতি শিক্ষাবর্ষের ক্রম ও ছাত্রীসংখ্যা অনুসারে সিট বরাদ্দ করা হবে।

৬. ছাত্রীর অভিভাবকের বর্তমান আর্থিক অবস্থা, সামাজিক মর্যাদা ও নিরাপত্তার বিষয় বিবেচনায় নিয়ে সিট বরাদ্দ প্রদান করা হবে।"

৬। বিধিমালা ২০২১ এর বিধি নং ১৮ এর সংশোধন:- বিধিমালা ২০২১ এর ১৮ নং বিধি নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে, যথা:-

"১৮) মাস্টার্স পরীক্ষা সম্পূর্ণ শেষ হওয়ার পরবর্তী ০৭ দিনের মধ্যে হলে বরাদ্দকৃত সিট বাতিল করা হবে।"

স্বাক্ষরিত/-
১১-১১-২০২৫
**এডভোকেট রঞ্জন কুমার দাস**
ডেপুটি রেজিস্ট্রার (আইন), জবি, ঢাকা
এবং
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি।

স্বাক্ষরিত/-
১১-১১-২০২৫
**জনাব আয়েশা সালেহ**
সহকারী প্রক্টর, জবি, ঢাকা
এবং
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

স্বাক্ষরিত/-
১১-১১-২০২৫
**ড. বুশরা জামান**
সহকারী আবাসিক শিক্ষক, নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী হল, জবি, ঢাকা
এবং
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

স্বাক্ষরিত/-
১১-১১-২০২৫
**ড. কে. এ. এম রিফাত হাসান**
পরিচালক (ছাত্র কল্যাণ), জবি, ঢাকা
এবং
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

স্বাক্ষরিত/-
১১-১১-২০২৫
**অধ্যাপক ড. মুহাম্মদ তাজাম্মুল হক**
প্রক্টর, জবি, ঢাকা
এবং
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

স্বাক্ষরিত/-
১১-১১-২০২৫
**অধ্যাপক ড. আঞ্জুমান আরা**
প্রভোস্ট, নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী হল, জবি, ঢাকা
এবং
আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি।